

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 31-03-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আজ থেকে ৮০ উর্ধ্ব ভোটার এবং বিশেষভাবে সক্ষম ভোটারদের ভোট গ্রহণ শুরু হবে। ধর্মনগরের উপনির্বাচনের রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, আজ থেকে দোসরা এপ্রিল পর্যন্ত ভোটকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে ১১৬ জন ৮০ উর্ধ্ব প্রবীণ নাগরিক এবং ৬৯ জন বিশেষভাবে সক্ষম ভোটারের ভোটগ্রহণ করবেন। এই ভোট গ্রহণের জন্য ভোটকর্মীদের ৮টি দল গঠন করা হয়েছে। ভোটকর্মীদের প্রতিটি দলের সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের একজন করে প্রতিনিধি যেতে পারবেন। এদিকে, আগামী তেসরা ও চৌঠা এপ্রিল নির্বাচনের কাজে নিযুক্ত ভোটকর্মী ও অন্যান্য কর্মীদের ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ করা হবে।

\*\*\*\*\*

**President-Greetings :**

আজ মহাবীর জয়ন্তী। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মহাবীর জয়ন্তীর প্রাক্কালে দেশবাসীকে, বিশেষ করে জৈন সম্প্রদায়ের সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, ভগবান মহাবীরের অহিংসা, সত্য, অস্বেয়, ব্রহ্মচর্য এবং অপরিগ্রহ-এই পঞ্চনীতি প্রত্যেককে জীবনের সঠিক পথে চলতে অনুপ্রাণিত করে। এই উপলক্ষে, রাষ্ট্রপতি সকলকে মহাবীরের বাণীকে নিজের জীবনে গ্রহণ করার এবং দেশের উন্নতির জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাওয়ার প্রতিজ্ঞা করতে আহ্বান জানান।

\*\*\*\*\*

## President Visit :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুৰ্মু আজ থেকে বিहार ও कर्णटक सफर करबेन। सफरर प्रथम दिने रास्ट्रपति आज बिहारर राजगीरे नालन्दा बिश्वविद्यालयर समावर्तन अनुष्ठाने योग देबेन। आगामीकाल रास्ट्रपति मुर्मु कर्णटककर तुमाकुरुते श्री सिद्धगङ्गा मठे डः श्री श्री शिवकुमारा महास्वामीजीर ११९तम जन्मवार्षिकी ओ गुरुबन्दना उदयापने योग देबेन।

\*\*\*\*\*

## PM :

प्रवीण बिजेपि नेता-प्रधानमन्त्री नरेन्द्र मोदी गतकाल 'मेरा बूथ, सबसे मजबूत' कर्मसूचि अधीने आसामेर दलीय कर्मिदर सङ्गे कथा बलेन। एहि आलोचनार लक्ष्य हलो, आसन्न आसाम बिधानसभा निर्वाचनेर आगे तृणमूल स्रुरेर कर्मिदर उज्जीवित करा एवं राज्येर उन्नयनेर ओपर आलोकपात करा। दलीय कर्मिदर उद्देशे भाषण देओयार समय प्रधानमन्त्री गत दशके आसामेर रूपान्तरेर कथा तुले धरेन।

##### Byte-PM #####

\*\*\*\*\*

## CS Meeting :

मुख्यसचिव जे के सिन्हा जानियेछेन वर्तमाने नित्यप्रयोजनीय सामग्री बिशेष करे पेट्रोलियामजात पण्येर कोनओ संकट नेइ। गतकाल सचिबालये मुख्यसचिव श्री सिन्हा'र पौरहित्ये राज्ये पेट्रोलियामजात पण्य ओ नित्यप्रयोजनीय सामग्रीर निरबच्छिन्न सरबराह एवं सुर्छु बितरण निश्चित करार लक्ष्ये आयोजित एक बैठके तिनि एकथा बलेन। तिनि आगाम प्रस्रुतिर उपर बिशेष गुरुत्व आरोप करे ये कोनओ संभाव्य परिस्थिति मोकाबिलाय संश्लिष्ट सब दप्तरके सतर्क ओ प्रस्रुत थाकार निर्देश देन।

কোনও অবস্থাতেই যাতে অযথা আতঙ্ক সৃষ্টি না হয় সে বিষয়েও তিনি সকলকে সচেতন করার আহ্বান জানান।

\*\*\*\*\*

#### **TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের ২০২৬ সালের সব পরীক্ষা গতকাল শেষ হয়েছে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যের সাধারণ প্রশাসন, শিক্ষা দপ্তর, তথ্য ও সংস্কৃতি, আরক্ষা, বিদ্যুৎ, পরিবহণ সহ বিভিন্ন দপ্তর, বিভিন্ন পুরসভা এবং রাজ্যের সমস্ত সংবাদমাধ্যমকে পর্ষদের তরফ থেকে ধন্যবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*

#### **Vande Mataram :**

বিলোনীয়া মহকুমা প্রশাসন এবং পুরপরিষদের যৌথ উদ্যোগে গতকাল পুরানো টাউন হলে বিলোনীয়ায় বন্দেমাতরম রাষ্ট্র গীতের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ বন্দে মাতরম সংগীতের মর্যাদা অক্ষুণ্ন রাখার পাশাপাশি দেশের জন্য কাজ করতে সকলের প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

#### **PM SWANIDHI SCHEME :**

পিএম স্ব-নিধি প্রকল্পের অধীনে এ পর্যন্ত স্ট্রিট ভেন্ডারদের মোট ১৭ হাজার ১১৫ কোটি টাকার মধ্যে এক কোটিরও বেশি ঋণ বিতরণ করা হয়েছে। শহরের পথ বিক্রেতাদের জামানত-মুক্ত কার্যকরী মূলধন মেয়াদী ঋণ প্রদানের জন্য ২০২০ সালের জুন মাসে এই প্রকল্পটি চালু করা হয়েছিল। আবাসন ও নগর বিষয়ক প্রতিমন্ত্রী টোখান সাহ গতকাল রাজ্যসভায় একটি প্রশ্নের লিখিত উত্তরে একথা বলেন।

\*\*\*\*\*

### **HPV Vaccination :**

জরায়ু মুখ ক্যান্সার মুক্ত সমাজ গড়ার লক্ষ্যে কৈলাশহর রাজীব গান্ধী মেমোরিয়াল মহকুমা হাসপাতালে এইচপিভি টিকাকরণ কর্মসূচি গতকাল থেকে শুরু হয়েছে। মোট ৮ জন কিশোরীকে এই জীবনদায়ী টিকা প্রদান করা হয়। জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ আধিকারিক ডাঃ অমিত দেববর্মা বলেন বর্তমানে মহকুমার প্রতিটি এলাকায় স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে অভিভাবকদের সচেতন করছেন এবং যোগ্য কিশোরীদের চিহ্নিত করে টিকাকরণ কেন্দ্রে আসার আহ্বান জানাচ্ছেন।

\*\*\*\*\*

### **Restriction Imposed :**

সিপাহীজলা জেলার অন্তর্গত বিশালগড় এবং সোনামুড়া মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৫০০ মিটার এলাকায় রাত ৮টা থেকে পরের দিন সকাল ৫টা পর্যন্ত সময়ে সাধারণ মানুষের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। বি.এন.এস.এস. ২০২৩-এর ১৬৩ ধারা অনুযায়ী সিপাহীজলা জেলার জেলাশাসক এই বিধিনিষেধ আরোপ করেছেন। এই আদেশ ১২ জুন পর্যন্ত বলবৎ থাকবে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় বজ্র বিদ্যুত সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*